তাহের ম.শায়েখ

কষ্ট-সমুদ্র-পিয়াসী

শত শব্দের সম্মোহিত মিছিল ছুটে ছিল ঁপর্দায়
সৌষ্ঠব কবিতা হবে বলে,
প্রতিরাতে নিহত হয়েছে বেশ তার অবহেলায়, ফিরেছে
ভঙ্গহৃদে আহত কতক-পরাজিত;
হাজার রাতের শেষে
অ-লব্ধ প্রেম এমন-ই দেখেছি অনুর্ধ্ব যুগ ।

তবুও জেগেছিলাম গতরাত:
ভালোবাসায় আকাশ কত বাধ্য,
মৃত্তিকা- মন মননে ।
তার কথা-ই ভেবেছি; তার-ই কথা; বিনিদ্র সারারাত ।
তাঁর চোখে চোখ রেখেছি: শান্ত হলাম
তাঁর হাতে হাত রেখেছি: সঙ্গী পেলাম
কিম্বা জীবন- তাঁর ঠোঁটে অমৃত পানে,
তাঁর দারূন ওমে আদৃত হলাম আমি ছন্নছাড়া ।
অপ্রত্যাশিত শুশ্রূষা-নির্ভার আশ্রয় পেলো আহত শব্দেরা ।
আমি বিবেক ও হৃদয় যুদ্ধে
বিধ্বস্ত এবং ক্রমশ আমি মানবিক ।
একদিকে কেহ নির্মাণ করছে স্বপ্ন-বসত-
বিশ্বাসের ছায়ায়, মিলনের বিহ্বলতায়
চোখে জ্বেলে বিরহাগ্নি ভিনদেশে;
এবং অপেক্ষা করে করে ভেঙ্গেছে সংযম
সভর্তৃকা অভিমানে-নির্বিকার
দিন তার; রাত ভাসে
শিলোঞ্ছ-স্মৃতি প্লাবনে ।

কেহ বিশ্বস্ত মিত্র জেনেছে;
কেহ বাড়িয়েছে আশ্রয়ার্থী হাত-
নিকম্প দু'ধারা ছুরি দুঃখ বিলাসী, তবুও
হৃদে হবে আজ নিরপেক্ষ-সন্ধ অস্ত্রপাত ।

তার আগে বলো
কতটা সুখে তুমি
কষ্টের অধিকার ছাড়বে?

আমি আজ কষ্ট-সমুদ্র-পিয়াসী ।

sheikh_taher@yahoo.com